# খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

## নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | প্রধান প্রকৌশলী<br>৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে প্রকৌশল বিজ্ঞানে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। তবে উচ্চতর ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/সমমান পদে ৫(পাঁচ) বছর এবং নির্বাহী প্রকৌশলী/সমমান পদে ৫(পাঁচ) বছর চাকরির অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রকৌশল সংক্রান্ত কাজে ১৫ (পনের) বছর চাকরির অভিজ্ঞতা।<br>গ) প্রকৌশলে উচ্চতর ডিগ্রি অথবা প্রকৌশল ডিজাইন, প্রকল্প পরিকল্পনা ও ব্যবস্থাপনা অথবা কর্মতদারকী বিষয়ে প্রশিক্ষনপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঙ) বয়স: সর্বোচ্চ ৫০ বছর। |
| ২ | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/প্রকৌশল/কৃষি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/সমমান ডিগ্রিধারী হতে হবে। তবে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমান কর্মকর্তা হিসেবে ৪(চার) বছর এবং উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমান পদে ৪(চার) বছর চাকরির অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে ১৫(পনের) বছরের চাকরির অভিজ্ঞতা।<br>গ) বিশ্ববিদ্যালয়ে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজের সম্যক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার যে কোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঙ) বয়স: সর্বোচ্চ ৫০ বছর। |
| ৩ | সহকারী অধ্যাপক<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | **<u>টেকনিক্যাল:</u>**<br>(ক) অত্র বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে নিয়োগের জন্য নির্ধারিত সকল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।<br>(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে এমএস/এমএসসি/এমফিল ডিগ্রিসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে দুই (০২) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>সরকারি/স্বায়ত্তশাসিত/কৃষি সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে চার (০৪) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) স্বীকৃত জার্নালে First Author হিসেবে এক (০১) টি প্রকাশনাসহ ন্যূনতম দুই (০২) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।<br>(ঘ) বয়স: সর্বোচ্চ ৪০ বছর।<br>(ঙ) কৃষি সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীকে অবশ্যই কৃষিবিদ হতে হবে। তবে ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদের বিভাগ সমূহের সংশ্লিষ্ট প্রার্থীর বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>(চ) সহকারী অধ্যাপক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিদেশী জার্নালে ২টি প্রকাশনা থাকলে, পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্নাতক/এমএস/এমএসসি/এমফিল-এর যে কোনো ১টি পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিল করা যেতে পারে।<br>**<u>নন-টেকনিক্যাল:</u>**<br>(ক) অত্র বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে নিয়োগের জন্য নির্ধারিত সকল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।<br>(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>স্নাতক অথবা স্নাতকোত্তর পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম দুই (০২) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা অথবা সরকারি/স্বায়ত্তশাসিত/ কৃষি সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে চার (০৪) বছরের বাস্তব চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) স্বীকৃত জার্নালে ন্যূনতম দুই (০২) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।<br>(ঘ) বয়স: সর্বোচ্চ ৪০ বছর।<br>(ঙ) সহকারী অধ্যাপক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিদেশী জার্নালে ২টি প্রকাশনা থাকলে, পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্নাতক/এমএস/এমএসসি/এমফিল-এর যে কোনো ১টি পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিল করা যেতে পারে। |
| ৪ | সহকারী পরিচালক (হিসাব)<br>২৯০০০-৬৩৪১০/- (গ্রেড-৭) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/ফিন্যান্স/গণিত/পরিসংখ্যান/ ব্যবসা প্রশাসন/ ফাইন্যান্স অ্যান্ড ব্যাংকিং/কৃষি অর্থনীতি বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমান ডিগ্রি।<br>খ) বিশ্ববিদ্যালয়ে শাখা কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা/সমমান অথবা কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আর্থিক ব্যবস্থাপনা, হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত কাজে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ৪ (চার) বছর চাকরির অভিজ্ঞতা।<br>গ) সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ে চাকরির অভিজ্ঞতাসম্পন্ন অথবা সি.এ. ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ) শিক্ষা জীবনের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঙ) বয়স: সর্বোচ্চ ৩৫ বছর। |

| | | |
|---|---|---|
| ৫ | সহকারী রেজিস্ট্রার/ সমমান<br>২৯০০০-৬৩৪১০/-<br>(গ্রেড-৭) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা খুলনা কৃষি/অনুরূপ কৃষি বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি। তবে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে শাখা কর্মকর্তা অথবা সমমান পদে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ৪(চার) বছর চাকরির অভিজ্ঞতা।<br>গ) বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসনিক পদ্ধতি এবং শিক্ষা ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক জ্ঞানসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ) শিক্ষা জীবনের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঙ) বয়স: সর্বোচ্চ ৩৫ বছর। |
| ৬ | প্রভাষক<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | **টেকনিক্যাল:**<br>(ক) অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ অথবা অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান)/ডিভিএম/বি.এসসি. ভেট. সায়েন্স অ্যান্ড এ.এইচ. ডিগ্রিসহ স্নাতক পর্যায়ে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.০০ থাকতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে এমএস/এমএসসি/এমফিল/পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>(ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর।<br>(ঙ) কৃষি সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীকে অবশ্যই কৃষিবিদ হতে হবে। তবে ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদের বিভাগ সমূহের সংশ্লিষ্ট প্রার্থীর বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>**নন-টেকনিক্যাল:**<br>(ক) অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ অথবা অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.০০ থাকতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>(ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ৭ | মেডিকেল অফিসার<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রিসহ বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়স: সর্বোচ্চ ৩২ বছর। |
| ৮ | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রকৌশল (সিভিল)/কৃষি প্রকৌশলে স্নাতক ডিগ্রি অথবা অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে উপসহকারী প্রকৌশলী হিসেবে ৪ বছরের অভিজ্ঞতাসহ কোন অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রকৌশলে (সিভিল) ডিপ্লোমা ডিগ্রি।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) শিক্ষা জীবনের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ৯ | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রকৌশল (ইলেকট্রিক্যাল)/কৃষি প্রকৌশলে স্নাতক ডিগ্রি অথবা অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে উপসহকারী প্রকৌশলী হিসেবে ৪ বছরের অভিজ্ঞতাসহ কোন অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রকৌশলে (ইলেকট্রিক্যাল) ডিপ্লোমা ডিগ্রি।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) শিক্ষা জীবনের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ১০ | সহকারী ডাটাবেজ প্রোগ্রামার<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/সমমান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি। তবে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কম্পিউটার প্রোগ্রামিং এর বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে।<br>গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়েও যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ১১ | উন্নয়ন কর্মকর্তা,<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে কৃষি সম্পর্কিত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা খুলনা কৃষি/অনুরূপ কৃষি বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি তবে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |

| | | |
|---|---|---|
| ১২ | শাখা কর্মকর্তা/সমমান<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা খুলনা কৃষি/অনুরূপ কৃষি বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি তবে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ১৩ | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে কৃষি অর্থনীতি/হিসাববিজ্ঞান/ ফিন্যান্স/ অর্থনীতি/ ব্যবসা প্রশাসন/ ব্যবস্থাপনা/ ফাইন্যান্স অ্যান্ড ব্যাংকিং এ স্নাতকোত্তর ডিগ্রি অথবা খুলনা কৃষি/অনুরূপ কৃষি বিশ্ববিদ্যালয় হতে কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষায় স্নাতক ডিগ্রি।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ে চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন একটিতে প্রথম বিভাগ/সমমান গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঘ)বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ১৪ | উপ-সহকারী প্রকৌশলী<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ক) কোন অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রকৌশলে ডিপ্লোমা ডিগ্রি ।<br>খ) সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণি/সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ১৫ | প্রশাসনিক কর্মকর্তা/সমমান<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি থাকতে হবে। তবে স্নাতকোত্তর ডিগ্রিধারীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ১৬ | পিএ টু ভিসি/ সমমান<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি থাকতে হবে। তবে স্নাতকোত্তর ডিগ্রিধারীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>খ) সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।<br>ঘ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঙ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ১৭ | নার্স/ব্রাদার্স<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ক) কোন অনুমোদিত নার্সিং ইনস্টিটিউট হতে ৩ বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে।<br>খ) সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণি/সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ) বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ১৮ | ইমাম<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ক) প্রার্থীকে কোরআনে হাফেজ ও ক্বারীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইসলামী স্টাডিজ/আরবীতে স্নাতক ডিগ্রি অথবা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হইতে কামিলসহ কোন কওমী মাদ্রাসা হইতে দাওরায়ে হাদিস ডিগ্রিসহ তাফসির/হাদিসে উচ্চতর ডিগ্রি।<br>খ) সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য গ্রেড থাকতে হবে।<br>গ) প্রার্থীকে পুরুষ ও বিবাহিত হতে হবে।<br>ঘ) বয়স: সর্বোচ্চ ৩৫ বছর। |

২১/০৮/২০২০

ডাঃ খন্দকার মাজহারুল আনোয়ার
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়,খুলনা

# খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

## নিয়োগ প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয় সমূহ

**১। অনলাইনে আবেদনের নিয়মাবলী:**

(ক) আগ্রহী প্রার্থীদের আগামী **২০ অক্টোবর ২০২১ হতে ১৪ নভেম্বর ২০২১** তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.kau.edu. bd এ Online Job Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। শূণ্য পদে সকলে আবেদন করতে পারবেন। তবে অস্থায়ী থেকে স্থায়ীকরণ পদে শুধুমাত্র অভ্যন্তরীণ প্রার্থীরা আবেদন করতে পারবেন।

(খ) আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ সাপেক্ষে আবেদনকারীর জন্য একটি User ID, Password এবং Application ID তৈরি হবে যা আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে যাহা আবেদনকারীর সংরক্ষণে থাকিবে। উক্ত Application ID টি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে এবং User ID ও Password ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের নিয়োগ ওয়েবসাইটে **Login** করে প্রার্থীর নিজস্ব **Dashboard** এ পরীক্ষার প্রবেশপত্রসহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পাওয়া যাবে। উল্লেখ যে, Online এর মাধ্যমে সকল তথ্য জানানো হবে।

(গ) প্রার্থীকে রকেট মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী **গ্রেড ৩ থেকে গ্রেড ১০ পর্যন্ত পদের প্রার্থীদের ১০০০/- (এক হাজার)** টাকা (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে।

(ঘ) **আবেদন ফি প্রদানের নিয়মাবলিঃ**

| |
|---|
| **Rocket** মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদনের নির্ধারিত ফি প্রদান করতে হবে। পেমেন্ট করার পদ্ধতি : |
| **Rocket** একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: ডায়াল *৩২২# → "১ ডায়াল করে Bill Pay অপশন সিলেক্ট করুন → নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে "১ ডায়াল করে Self" অপশন সিলেক্ট করুন এবং অন্যের একাউন্ট থেকে Payment দিতে চাইলে "২ ডায়াল করে Other" অপশন সিলেক্ট করে Enter Payer Mobile No. এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার টাইপ করুন → খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের বিল প্রদান করতে "0" ডায়াল করুন → Enter Biller ID. এর স্থলে **'205'** টাইপ করুন → Enter Bill Number এর স্থলে অবশ্যই Application ID No. টি টাইপ করুন → Enter Amount (সংশ্লিষ্ট গ্রেডের পদের জন্য নির্ধারিত ফি প্রদান করুন) → Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর টাইপ করুন → রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে। |

Payment সঠিকভাবে সম্পন্ন হলে আবেদনকারী মোবাইল ফোনে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস পাবে অথবা ২৪ ঘন্টা পরে ওয়েবসাইটে (www.kau.edu.bd) Login করে payment status check করা যাবে।

(ঙ) Payment করার পর প্রার্থীকে তার User ID এবং Password ব্যবহার করে Payment স্লিপ সংগ্রহ করতে হবে যাহা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২। **অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড এবং প্রিন্ট** করে **প্রার্থীকে আবেদনপত্রের** সাথে (ক) Payment স্লিপ, (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সকল সনদপত্র ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রতি সেটের সাথে একটি করে), (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং (ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করে নিয়োগ বিজ্ঞপ্তির **গ্রেড ০৩ থেকে গ্রেড ১০ পর্যন্ত ২ (দুই) সেট** পৃথক আবেদন একটি খামের ভিতর **রেজিস্ট্রার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, (অস্থায়ী অফিসঃ বাড়ি নং-২০০, রোড নং-১২, ১ম ফেইজ, সোনাডাঙ্গা আবাসিক এলাকা, খুলনা-৯১০০), খুলনা** এর অনুকূলে সরাসরি/ডাক যোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। **প্রার্থীত পদের নাম ও বিভাগ/শাখা খামের উপর অবশ্যই উল্লেখ করতে হবে** । উল্লেখ যে, চাহিত আবেদন সেটের মধ্যে একটি সেট সত্যায়িত হতে হবে এবং বাকি একটি সেট সত্যায়িতের অনুরূপ ফটোকপি দিতে হবে।

৩। আবেদনপত্র আগামী **১৬-১১-২০২১** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে।

৪। শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।

২১/১০/২০২১

৫। কোভিড-১৯ পরিস্থিতির কারণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯-০৮-২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৩ স্মারক মূলে জারীকৃত আদেশের শর্তানুযায়ী বিভিন্ন পদে **২৫-০৩-২০২০ তারিখ পর্যন্ত স্ব স্ব** পদে নির্ধারিত যোগ্যতা অনুযায়ী **প্রার্থীর বয়স** উল্লেখ করতে হবে।

৬। জিপিএ/সিজিপিএ -তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/ শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/ পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি, এমন প্রার্থীর আবেদনপত্র বিবেচিত হবে না।

৭। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮। সকল পদে (গ্রেড ০৩ থেকে গ্রেড ১০ পর্যন্ত) উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত হিসাবে কম্পিউটার পরিচালনার বিষয়ে দক্ষতা/ অভিজ্ঞতা বাধ্যতামূলক।

৯। চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে নবপ্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু করার লক্ষ্যে পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা/বয়স/অভিজ্ঞতা শিথিল করা যেতে পারে।

১০। ওশানোগ্রাফি বিভাগে যে সকল প্রার্থী পূর্বে আবেদন করেছিলেন **পুনরায় প্রভাষক (নন টেকনিক্যাল)** হিসেবে আবেদন করতে হবে। তাছাড়া সহকারী অধ্যাপক পদে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদের বিপরীতে প্রভাষক পদে নিয়োগ করা যেতে পারে।

১১। অভিজ্ঞতা হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

১২। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা/শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১৩। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনি হলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সনদের (সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত) অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১৪। উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতি বিষয়ক সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথোপযুক্ত অফিসার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৫। আবেদনপত্র সমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত/ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে এবং প্রার্থীর নিজস্ব **Dashboard** থেকে পরীক্ষার প্রবেশপত্র প্রিন্ট করতে হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।

১৬। নিয়োগের জন্য প্রার্থীদের ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

১৭। আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।

১৮। সরকারি নিয়ম অনুযায়ী যাবতীয় কোটা সংরক্ষণ করা হবে।

১৯। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২০। নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলসহ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২। অন-লাইনে নিয়োগ আবেদন সংক্রান্ত যে কোন বিষয়ে জানার জন্য এই ই-মেইল: bigmsoftpust@gmail.com এ যোগাযোগ করা যাবে।

২১/১০/২০২১

ডাঃ খন্দকার মাজহারুল আনোয়ার
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা।